

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 28-10-2024**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) নির্বাচন কমিশনের নির্ধারিত সূচী অনুযায়ী আগামীকাল থেকে রাজ্যের ৬০টি বিধানসভা কেন্দ্রে সচিত্র ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর কাজ শুরু হবে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলা পুরনিগম এলাকার ব্যস্ততম সড়কগুলোতে যানজট এড়াতে ট্রাফিক পুলিশ, পরিবহন দপ্তর ও পুর নিগমকে ঘোথভাবে কাজ করার নির্দেশ দিয়েছেন।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং স্পেনের প্রধানমন্ত্রী পেত্রো সানচেজ আজ ভাদোদরায় C-295 সামরিক বিমান তৈরির জন্য TATA এয়ারক্রাফ্ট কমপ্লেক্স ঘোথভাবে উদ্বোধন করেছেন।
- (৪) আগামী বছর দোসরা জানুয়ারী বইমেলা শুরু হবে।
- (৫) রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে মুন্সাই প্রথম ইনিংসে লিড নিয়েছে।

\*\*\*\*\*

**Electoral Roll :**

নির্বাচন কমিশনের নির্ধারিত সূচী অনুযায়ী আগামীকাল থেকে রাজ্যের ৬০টি বিধানসভা কেন্দ্রে সচিত্র ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর কাজ শুরু হবে। আগামীকাল ৬০টি বিধানসভা কেন্দ্রের খসড়া সচিত্র ভোটার তালিকা প্রকাশ করা

হবে। এই খসড়া তালিকার উপর আগামীকাল থেকেই দাবি ও আপত্তি গ্রহনের কাজ শুরু হবে। তা চলবে আগামী ২৮শে নভেম্বর পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ২৪শে ডিসেম্বর। চূড়ান্ত সচিব ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী বছরের ৬ই জানুয়ারী। ২০২৫ সালের পয়লা জানুয়ারী তারিখকে বয়সের ভিত্তি তারিখ ধরে ২৯শে অক্টোবর ২০২৪ ইং তারিখে ত্রিপুরার ৬০টি বিধানসভা নির্বাচন ক্ষেত্রের খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে। আগামী বছরের পয়লা জানুয়ারী যাদের বয়স ১৮ বছর পূর্ণ হবে তারা ভোটার তালিকা সংশোধনী প্রক্রিয়া চলাকালে বাড়ির নিকটবর্তী ভোটগ্রহণ কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত অফিসার অথবা বুথ লেভেল অফিসারের কাছে নির্ধারিত '৬নং' ফর্মে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে পারবেন। প্রকাশিত খসড়া তালিকায় কোন নামের অন্তর্ভুক্তি সম্পর্কে আপত্তি থাকলে '৭নং' ফর্মে আবেদন করতে হবে। তাছাড়া যাদের বয়স আগামী বছরের পয়লা এপ্রিল/ পয়লা জুলাই/ পয়লা অক্টোবর তারিখে ১৮ বছর পূর্ণ হবে তারা ও ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য অগ্রিম আবেদন জমা দিতে পারবেন।

ভোটার তালিকার সংক্ষিপ্ত সংশোধনী কাজের জন্য আজ সোনামুড়া টাউন হল ও বিলোনিয়া টাউন হল ডেজিগনেটেড অফিসার, বুথ লেভেল অফিসার ও সুপারভাইজারদের নিয়ে এক দিনের প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

#### **CM Review Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগরতলা পুরনিগম এলাকার ব্যস্ততম সড়কগুলোতে যানজট এড়াতে ট্রাফিক পুলিশ, পরিবহন দপ্তর ও পুর নিগমকে ঘোষভাবে কাজ করার নির্দেশ দিয়েছেন। আজ সচিবালয়ে ট্রাফিক ব্যবস্থা নিয়ে এক পর্যালোচনা

সভায় তিনি এই নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী বলেন, শহরের নো-পার্কিং জোনগুলোতে নিয়মিত নজরদারি রাখতে হবে। প্রয়োজনে ট্রাফিক আইন ভঙ্গকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থাও গ্রহণ করতে হবে। আগরতলা শহরে ঘানজট এড়তে পার্কিং জোনের সংখ্যা আরও বৃদ্ধি করার প্রয়োজন রয়েছে। নতুন পার্কিং জোনের জন্য স্থান চিহ্নিত করে দ্রুত কাজ শুরু করতে ট্রাফিক পুলিশ সুপারকে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

সভায় মুখ্যমন্ত্রী আরও বলেন, আগরতলা শহর এলাকার ব্যস্ততম সড়কগুলোর পাশে যে সমস্ত ভেন্ডার ব্যবসা করছেন তাদের সেখান থেকে সরিয়ে পুর নিগম নির্ধারিত স্থানে বসানোর উদ্যোগ নিতে হবে। আগরতলা শহরের ব্যস্ততম সড়কে ব্যাটারি চালিত রিস্কা চলাচল নিয়ন্ত্রণে ট্রাফিক ইউনিট, পুর নিগম ও পরিবহন দপ্তরকে যৌথভাবে কার্যকরী ভূমিকা গ্রহণ করতে হবে। শহরের যে সমস্ত রাস্তা প্রশস্তকরণের কাজ হাতে নেওয়া হয়েছে তা দ্রুত শুরু করতে পূর্ত দপ্তরের সচিব কিরণ গিত্যেকে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*

#### **CM-Book Fair :**

আগামী বছরের আগরতলা বইমেলা শুরু হবে দোসরা জানুয়ারী। শেষ হবে ১৪ই জানুয়ারী। আজ আগরতলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরোহিত্যে ৪৩তম বইমেলা প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বইমেলার স্থান নিয়ে পরবর্তী সময়ে সিদ্ধান্ত নেওয়া হবে। সভায় উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রাম প্রসাদ পাল, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জিলা সভাধিপতি বলাই গোস্বামী ও বইমেলা কমিটির অন্যান্য সদস্যগণ।

\*\*\*\*\*

#### **Ekta Diwas :**

আগামী ৩১শে অক্টোবর দেশের স্বাধীনতা সংগ্রামের অন্যতম সংগ্রামী, একতা অখণ্ডার প্রতীক লৌহ পুরুষ সর্দার বল্লভ ভাই পেটেলের জন্মজয়ন্তী। দিবসটি রাষ্ট্রীয় একতা দিবস হিসেবে পালন করা হবে। তবে এই বছর ৩১শে অক্টোবর দেওয়ালি উপলক্ষ্যে ছুটি থাকায় আগামীকাল রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন করা হবে। রাজ্য সরকারের স্বরাষ্ট্র সচিব প্রদীপ কুমার চক্রবর্তী আজ জানিয়েছেন, মনকিবাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী আগামী ৩১শে অক্টোবরের পরিবর্তে রাজ্যেও আগামীকাল একতা দিবস উদযাপন করা হবে। এই উপলক্ষ্যে আগামীকাল সকাল সাতটায় আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে এক অনুষ্ঠানে রাষ্ট্রীয় একতার জন্য শপথ নেওয়া হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাষ্ট্রীয় একতার শপথ বাক্য পাঠ করবেন। পরে এই ময়দান থেকে শুরু হবে রাষ্ট্রীয় একতা দৌড়। উমাকান্ত একাডেমি প্রাঙ্গনে গিয়ে শেষ হবে একতা দৌড়। মুখ্যমন্ত্রী এই একতা দৌড়ের সূচনা করবেন।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডল্লিউ. ডল্লিউ. ডল্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **PM, Modi & Sanchez :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং স্পেনের প্রধানমন্ত্রী পেত্রো সানচেজ আজ ভাদোদরায় C-295 সামরিক বিমান তৈরির জন্য TATA এয়ারক্রাফ্ট কমপ্লেক্স ঘোষণাবে উদ্বোধন করেছেন। ভারতে সামরিক বিমান তৈরির জন্য এটিই প্রথম বেসরকারি উদ্যোগ।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন, টাটা এয়ারক্রাফ্ট কমপ্লেক্স বিশ্বব্যাপী মহাকাশ উৎপাদনে বিশ্বস্ত অংশীদার হিসেবে ভারতের অবস্থানকে শক্তিশালী করে। তিনি বলেন যে, কারখানাটি কেবল ভারত-স্পেন সম্পর্ককে শক্তিশালী করবে না বরং মেক ইন ইন্ডিয়া এবং মেক ফর দ্য ওয়ার্ল্ড মিশনকে শক্তিশালী করবে। প্রধানমন্ত্রী বলেন, ভাদোদরায় নতুন এই সুবিধা দেশের যুবকদের দক্ষতা ও প্রযুক্তি প্রদানে এবং তাদের জন্য হাজার হাজার কর্মসংস্থান তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। প্রতিরক্ষা উৎপাদনে ভারতের ক্রমবর্ধমান ক্ষমতার উপর জোর দিয়ে, শ্রী মোদি বলেন অদূর ভবিষ্যতে ভারত বিশ্বের জন্য অসামরিক বিমান তৈরি করবে এবং ভারতের MSME ক্ষেত্রে একটি বড় ভূমিকা পালন করবে। তিনি উল্লেখ করেন গত পাঁচ বছরে দেশে প্রায় এক হাজার প্রতিরক্ষা স্টার্টআপ প্রতিষ্ঠিত হয়েছে। গত দশ বছরে ভারতের প্রতিরক্ষা রপ্তানি ৩০ গুণ বেড়েছে। ভারত এখন বিশ্বের ১০০ টিরও বেশি দেশে প্রতিরক্ষা সরঞ্জাম রপ্তানি করছে। প্রধানমন্ত্রী বলেন, ভারত ও স্পেন ২০২৬ সালকে সংস্কৃতি, পর্যটন এবং এআই বছর হিসাবে উদ্যাপন করার সিদ্ধান্ত নিয়েছে।

অনুষ্ঠানে স্পেনের প্রধানমন্ত্রী পেত্রো সানচেজ বলেন, এয়ারবাস এবং টাটার মধ্যে অংশীদারিত্ব ভারতীয় মহাকাশ শিল্পের অগ্রগতিতে অবদান রাখবে এবং অন্যান্য ইউরোপীয় কোম্পানিগুলির আগমনের জন্য নতুন দরজা খুলে দেবে।

উভয় নেতা আজ ভাদোদরার বিখ্যাত লক্ষ্মী বিলাস প্রাসাদ পরিদর্শন করেন এবং বৈঠকে মিলিত হন।

\*\*\*\*\*

### **Apada Mitra :**

ন্যাশনাল ক্যাডেট কর্পস, নেহরু যুব কেন্দ্র সংগঠন, ন্যাশনাল সার্ভিস স্কুল এবং ভারত স্কাউটস অ্যান্ড গাইডস-এর দুলক্ষ ৩৭ হাজারেরও বেশি স্বেচ্ছাসেবককে যুব আপদা মিত্র প্রকল্পের অধীনে প্রশিক্ষণ দেওয়া হবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন আজ নতুন দিল্লিতে জাতীয় দুর্ঘোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কুড়িতম গঠন দিবস উদযাপন উপলক্ষে এই প্রকল্পের সূচনা করেন।

অনুষ্ঠানে শ্রী মোহন বলেন, যুব আপদা মিত্র প্রকল্পের আওতায় অন্তত ৫০ শতাংশ নারীকে প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। তিনি বলেন, আগামীদিনে যুব আপদা মিত্র সমাজের প্রথম সারির রক্ষক হতে প্রস্তুত হবেন। তিনি দুর্ঘোগ মোকাবেলায় জনগোষ্ঠীর ক্ষমতায়নের প্রয়োজনীয়তার উপর জোর দেন। উল্লেখ্য, এই বছরের জুলাই মাসে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এনডিআরএফ থেকে ৪৭০ কোটি টাকারও বেশি ব্যয়ে যুব আপদা মিত্র প্রকল্পের প্রস্তাব অনুমোদন করেছেন, যা দেশের ৩১৫টি সবচেয়ে দুর্ঘোগ-প্রবণ জেলাগুলিতে প্রযোজ্য।

\*\*\*\*\*

### **Rojgar Mela :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৫১ হাজারেরও বেশি চাকরি প্রার্থীদের নিয়োগপত্র বিতরণ করবেন। এরজন্য দেশব্যাপী ৪০টি স্থানে রোজগার মেলার আয়োজন করা হবে।

দেশে কর্মসংস্থান সৃষ্টিকে অগ্রাধিকার দিতে প্রধানমন্ত্রীর প্রতিশ্রূতি অনুযায়ী এই রোজগার মেলা, তরুণ-তরুণীদের দেশ গঠনে অবদান রাখার সুযোগ প্রদান করে। নবনিযুক্ত নিয়োগপ্রাপ্তরা কর্মযোগী পোর্টালে অনলাইন মডিউল, কর্মযোগীর মাধ্যমে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পাবেন।

\*\*\*\*\*

### **Vigilance Awareness Week :**

ভিজিল্যান্স সচেতনতা সপ্তাহ ২০২৪ আজ থেকে শুরু হয়েছে। আজ থেকে তেসরা নভেম্বর পর্যন্ত সতর্কতা সচেতনতা সপ্তাহ ২০২৪ পালন করা হচ্ছে।

আজ থেকে সমগ্র উত্তর পূর্ব সীমান্ত রেলওয়েতে 'সতর্কতা সচেতনতা সপ্তাহ' শুরু হয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব এন. এফ. রেলওয়ের মুখ্য কার্যালয়ে, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে (কনষ্ট্রাকশন) -এর জেনারেল ম্যানেজার অরুণ কুমার চৌধুরী মালিগাঁওস্থিত জিএম (কন) কার্যালয়ে সততার শপথ পাঠ করান। এই শপথের প্রধান লক্ষ্য হলো সমস্ত কার্যকলাপের ক্ষেত্রে সততা ও স্বচ্ছতা নিয়ে আসা, যার ফলে কর্মক্ষেত্রের পরিবেশ সহ জীবনের প্রত্যেকটি ক্ষেত্রে দুর্নীতি মুক্ত করা যাবে। এবছরে এই সচেতনতা সপ্তাহের থিম "দেশের সমৃদ্ধির জন্য সত্যনির্ণায়ক সংস্কৃতি"। সপ্তাহব্যাপী এই অভিযান শেষ হবে আগামী তেসরা নভেম্বর।

আকাশবাণী আগরতলা কেন্দ্রের আঞ্চলিক সংবাদ বিভাগে আধিকারিক ও কর্মীরা আজ সততার শপথ পাঠ করেন।

\*\*\*\*\*

### **SWAVLAMBAN :**

নৌবাহিনীর প্রধান অ্যাডমিরাল দীনেশ কে. ত্রিপাঠি আজ উত্তোলন ও গবেষণার প্রচারে তরুণ উদ্যোগাদের অবদান তুলে ধরেছেন। আজ নতুনদিল্লিতে ভারতীয় নৌবাহিনীর নৌ-উত্তোলন ও স্বদেশীকরণ সেমিনার, স্বাবলম্বন - 2024-এর তৃতীয় পর্বের উদ্বোধন করে তিনি বলেন যে দুদিনের এই অনুষ্ঠানে ভারতীয় বিমান বাহিনী, ভারতীয় সেনাবাহিনী, ভারতীয় উপকূলরক্ষী বাহিনী এবং সীমান্ত নিরাপত্তা বাহিনী সহ বিভিন্ন সংস্থা প্রায় ১১৫টি স্টল খুলেছে। আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন যে এই দুদিনের অনুষ্ঠানে ভারতীয়

নৌবাহিনীর উত্তোলন এবং স্বদেশীকরণের প্রচেষ্টাকে প্রচার করা হবে। প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আগামীকাল স্বাবলম্বনে যোগ দেবেন।

\*\*\*\*\*

### **Sadasyata Abhijan :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলা পুর নিগমের ২০নং ওয়ার্ডে সদস্যতা অভিযানে অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কর্পোরেটর রঞ্জা দত্ত প্রমুখ।

\*\*\*\*\*

### **CPIM-Sonamura :**

সি.পি.আই.এম সোনামুড়া মহকুমা কমিটির উদ্যোগে আজ সোনামুড়া শহরে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তৃব্য রাখতে গিয়ে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার রাজ্য কর্মসংস্থান, শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন ও রাজ্য সরকারের সমালোচনা করেন। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী মানিক দে, বিধায়ক শ্যামল চক্রবর্তী, সিপিআইএম সিপাহীজলা জেলা সম্পাদক মন্ডলীর সদস্য গৌরাঙ্গ ঠাকুরতা, সোনামুড়া মহকুমা সম্পাদক রতন সাহা প্রমুখ।

\*\*\*\*\*

### **Ranji Trophy :**

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে মুঘাই প্রথম ইনিংসে লিড নিয়েছে। এম বি বি স্টেডিয়ামে আজ তৃতীয় দিনে এক উইকেটে ৬০ রান থেকে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৩০২ রান করে। ফলে ফলোঅন এড়াতে সক্ষম হয়। রাজ্যদলের ওপেনার জিবণজ্যোৎ সিং অনবদ্য ১১৪, দলনেতা মনদীপ সিং অপরাজিত ৬২ ও শ্রীদাম পাল ৫২

রান করে। মুস্বাইয়ের হিমাংশু সিং ৬৫ রানে ৬টি উইকেট তুলে নেয়। ১৪৮ রানে এগিয়ে থেকে মুস্বাই দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ৭ রান করে। এরআগে মুস্বাই প্রথম ইনিংসে ৪৫০ রান করেছিল।

\*\*\*\*\*

#### **Naidu Trophy :**

কর্ণেল সি কে ট্রফি অনুর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে তামিলনাড়ুর বিরুদ্ধে ত্রিপুরা প্রথম ইনিংসে লিড হাতছাড়া করেছে। নরসিংগড়ের পিটিএ মাঠে চারদিনের খেলার দ্বিতীয় দিনে আজ সফরকারী তামিলনাড়ু ৭ উইকেটে ১৯৭ রান হাতে নিয়ে ব্যাট করতে নেমে প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৬৫ রান করে। জবাবে রাজ্যদল ব্যাট করতে নেমে সবকটি উইকেট হারিয়ে প্রথম ইনিংসে মাত্র ১০৬ রান করে। সব মিলিয়ে রাজ্যদল ১৫৯ রানে পিছিয়ে রয়েছে।

\*\*\*\*\*

#### **All Tripura blind Comitee :**

অল ইণ্ডিয়া চেস ফেডারেশন ফর দ্য ব্লাইন্ড ও অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির উদ্যোগে তিনদিনব্যাপী দাবা প্রতিযোগিতা আজ আগরতলা প্রেসক্লাবে শেষ হয়েছে। এই প্রতিযোগিতায় পুরুষার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। অনুষ্ঠানে ত্রিপুরা চেস কমিটি ফর দ্য ব্লাইন্ড এর ১১ জনের কমিটি গঠন করা হয়।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা

ছিল ৩২.৮ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৪ দশমিক পাঁচ ডিগ্রী  
সেলসিয়াস।

\* \* \* \* \*